রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৯, ২০১৬

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ অগ্রহায়ণ ১৪২৩/২৮ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০৭৬.১৬.৩৩২**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিএ-২৭৭৩ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তারিকুল আলম, এনডিসি,পিএসসি-কে তুরস্কের আংকারায় অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল।

(ক) তিনি উক্ত পদে নিয়োজিত থাকাকালীন মিনিস্টার পদের কূটনৈতিক পদমর্যাদা ভোগ করবেন;

(খ) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, যাতায়াত ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(গ) এ নিয়োগ সংক্রান্ত ব্যয় ডিজিএফআই-এর ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের "প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা এ্যাটাচী খাত" থেকে নির্বাহ হবে;

(ঘ) প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকাকালে তাঁর চাকুরী বাংলাদেশ সেনাবাহিনীতে বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করা হলে তা ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে।

(চ) বিএ-২৭৭৩ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ তারিকুল আলম, এনডিসি পিএসসি সপরিবারে (স্ত্রী জিসান তারিক, পুত্র তাফসির বিন তারিক, কন্যা-তাহ্‌রিন বিনতে তারিক এবং গৃহভৃত্য/গৃহপরিচারিকা) তুরস্কের আংকারা গমন করতে পারবেন।

(ছ) গৃহভৃত্য সঙ্গে নেয়ার ব্যাপারে সংশ্লিষ্ট প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্‌নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ অগ্রহায়ণ ১৪২৩/২৭ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০০২.১৫.৩৩৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখায় এনসিও (স্টেনো) হিসেবে কর্মরত নং ২৬০১৬১৩ সার্জেন্ট (স্টেনো) মোহাম্মদ ছফি উল্লাহ, এসিসি-এর চাকুরীর মেয়াদ আগামী ২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে শেষ হবে। এ কারণে তাকে স্বদেশ প্রত্যাবর্তনপূর্বক তাঁর স্থলে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে কর্মরত নং ১৬১৩৫৮৫ সার্জেন্ট (স্টেনো) মাহবুব খান, এসিসি-কে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল।

(ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত এবং ব্যক্তিগত মালামাল পরিবহন ও আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;

(খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০১৬-২০১৭ অর্থ বৎসরের "প্রতিষ্ঠান কোড-১৯৩৫ আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড-০০৯০, প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে নির্বাহ হবে;

(গ) আউটফিট ও বদলী মঞ্জুরি বাংলাদেশ সেনাবাহিনীর চলতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;

(ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ সেনাবাহিনীতে তাঁর চাকরিস্বত্ব বহাল থাকবে;

(ঙ) কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে কোনরূপ অগ্রিম অর্থ গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং

(চ) নং ১৬১৩৫৮৫ সার্জেন্ট (স্টেনো) মাহবুব খান, এসিসি সপরিবারে (স্ত্রী-ফেন্সী আক্তার, কন্যা-মোসাঃ মেহেবুবা খানম ফেমা এবং পুত্র মোঃ ফাহাদ খান ফেমাস) যুক্তরাষ্ট্রের ওয়াসিংটনে গমন করতে পারবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**শাহ্‌নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ অগ্রহায়ণ ১৪২৩/২২ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০১৩.৯৭.৩৩০**—যুক্তরাজ্যের লন্ডনে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখার প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-৩২১৯ ব্রিগেডিয়ার জেনারেল শেখ পাশা হাবিব উদ্দিন, এএফডব্লিউসি, পিএসসি-এর উক্তপদে চাকুরীর মেয়াদ গত ১৩ আগস্ট ২০১৬ তারিখে শেষ হওয়ার কারণে তাঁকে স্বদেশ প্রত্যাবর্তনের নির্দেশ প্রদান করা হল।

২। উক্ত কর্মকর্তার প্রত্যাবর্তন সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের "প্রতিষ্ঠান কোড নং ১৯৩৫, আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড নং ০০৯০, প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে সংকুলান করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪২৩/২৯ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.৯২.১৩.৩৩৮**—পাকিস্তানের ইসলামাবাদে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখার প্রতিরক্ষা উপদেষ্টা বিএ-২৪১৭ ব্রিগেডিয়ার জেনারেল মির্জা এজাজুর রহমান, বিজিএম, এনডিসি, পিএসসি-এর উক্তপদে চাকুরীর মেয়াদ গত ২৫ নভেম্বর ২০১৬ তারিখে শেষ হওয়ার কারণে তাঁকে স্বদেশ প্রত্যাবর্তনের নির্দেশ প্রদান করা হলো।

২। উক্ত কর্মকর্তার প্রত্যাবর্তন সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেটের "প্রতিষ্ঠান কোড নং ১৯৩৫, আন্তঃবাহিনীসমূহ পরিচালনা কোড নং ০০৯০, প্রতিরক্ষা অ্যাটাচী খাত" থেকে সংকুলান করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্‌নাজ রব**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ অগ্রহায়ণ ১৪২৩/২২ নভেম্বর ২০১৬

**নং প্রম/স্বেচ্ছাঃঅবঃ-৪/২০০৯/ডি-৬/(অংশ-১)/৬১১**—বাংলাদেশ নৌবাহিনীর লেঃ কমান্ডার মারজিয়া আলী কেয়া, (এস), বিএন (পি নং ১৮৪৬)-কে এলপিআর ব্যতীত নৌ প্রবিধান ১৯৬১-এর প্রবিধান ০৮০১ (সি) এবং ০৮১০ অনুযায়ী বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছায় অকালীন অবসর প্রদান করা হলো।

২। তিনি বিধিমতে আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। উল্লিখিত কর্মকর্তার নিকট সরকারি কোন পাওনা থাকলে তা সমন্বয় করতে হবে।

৪। এ আদেশ ৮ ডিসেম্বর ২০১৬ তারিখ থেকে কার্যকর হবে।

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪২৩/২৯ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৪৪.১৫.৬১৭**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমণের তারিখ | এলপিআর গমণের তারিখ |
|---|---|---|---|
| ১ | কমডোর জোবায়ের আহমদ, (ই), এনডিসি, বিএন (পি নং ২৬৬) | বিকাল ৩১-১২-২০১৬ | সকাল ১-১-২০১৭ |
| ২ | কমান্ডার মোহাম্মদ জমিল আশরাফ, (জি), বিএন (পি নং ৬০৬) | বিকাল ১-১-২০১৭ | সকাল ২-১-২০১৭ |
| ৩ | কমান্ডার মোঃ নোমান ভূঞা, (এস), বিএন (পি নং ৬২৯) | বিকাল ৩১-১২-২০১৬ | সকাল ১-১-২০১৭ |
| ৪ | লেঃ কমান্ডার শেখ মিজানুর রহমান, (এসডি)(এক্স), বিএন (পি নং ১৬৩৯) | বিকাল ৩১-১২-২০১৬ | সকাল ১-১-২০১৭ |

২। জেএসআই মোতাবেক এবং বর্ণিত কর্মকর্তাগণের আবেদন অনুযায়ী কমডোর জোবায়ের আহমদ, (ই), এনডিসি, বিএন (পি নং ২৬৬), কমান্ডার মোঃ নোমান ভূঞা, (এস), বিএন (পি নং ৬২৯), এবং কমান্ডার মোহাম্মদ জমিল আশরাফ, (জি), বিএন (পি নং ৬০৬) ১২ মাস দেয়াদে এলপিআর ভোগ করবেন। লেঃ কমান্ডার শেখ মিজানুর রহমান, (এসডি)(এক্স), বিএন (পি নং ১৬৩৯) ১১ মাস এলপিআর ভোগ করবেন।

৩। উল্লিখিত কর্মকর্তারগণ বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। উল্লিখিত কর্মকর্তাগণের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিস্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ অগ্রহায়ণ ১৪২৩/২২ নভেম্বর ২০১৬

**নং প্রম/বাসকা/স্থায়ী/১৪/ডি-৭/৪৮৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সহকারী ব্যবস্থাপক, উরমী মোস্তফা (১৮৫২) পদোন্নতিপ্রাপ্ত পদে এক বছর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁর পদোন্নতির তারিখ তথা ২৭ জানুয়ারি ২০১৫ থেকে তাঁকে চাকরিতে স্থায়ী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ অগ্রহায়ণ ১৪২৩/২০ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৩৫.১২.৩৮৩**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুলস্ ১২ (১) আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(ডি), এবং সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৪২৭ ব্রিগেডিয়ার জেনারেল কাজী মাসরুর উল্লা, পিএসসি-কে বর্তমান পদবীতে চাকরিসীমা শেষে/বয়সসীমা অতিক্রমণের পূর্বে সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হল।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৭.১৫.৩৮৪**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪২৫৩ লে. কর্নেল মোঃ আরিফুর রেজা, পিএসসি, আর্টিলারি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩সি(ii), ২৫৭, ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৬২(৪) এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮(এ) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হল।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১১.০৩১.১১.৩৮৫**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০০৪০৩ মেজর জেনারেল এস এম মোতাহার হোসেন-কে আর্মি রেগুলেশন্স (রুল্স্) ১৩৯(এ) (বি) (সি) (ডি) অনুযায়ী আর্মি মেডিকেল কোর (এএমসি)-এর 'কর্নেল কমান্ড্যান্ট' হিসাবে নিয়োগ প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ অগ্রহায়ণ ১৪২৩/২২ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৪০.১৩.২৭৩.১৬.৩৩৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ বেগম সুফিয়া বেগম-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ১৬ ডিসেম্বর ১৯৫৭ হওয়ায় আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বৎসর পূর্ণ হবে। সে অনুসারে আগামী ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখে তিনি চাকরি থেকে অবসরোত্তর ছুটিতে গমন করবেন।

২। নির্ধারিত ছুটির বিধিমালা,১৯৫৯ এর ৩(I) বি(II) বিধি অনুযায়ী আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ বেগম সুফিয়া বেগম ১ বছর ৬ মাস ৭দিন গড় বেতনে ও ২ বছর ৫ মাস ২৫ দিন অর্ধগড় বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড় বেতনের ছুটিকে গড় বেতনে রূপান্তর করলে (০১ বছর ০৬ মাস ০৭ দিন+১ বছর ২ মাস ২৭ দিন) মোট ২ বছর ৯ মাস ৪ দিন গড় বেতেন তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এমতাবস্থায়, "The Public Servants (Retirement) (Amendment) Act, 2010"-এর অনুচ্ছেদ-৩ এবং "The Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011" এর অনুচ্ছেদ-২ অনুসারে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ বেগম সুফিয়া বেগম-কে ১৫ ডিসেম্বর ২০১৬ তারিখ থেকে অবসর প্রদান করা হল এবং ১৬ ডিসেম্বর ২০১৬ থেকে ১৫ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত মোট ১(এক) বছর গড়বেতনে অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১৮ (আঠার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হল।

৪। তিনি প্রচলিত বিধি-বিধান অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ অগ্রহায়ণ ১৪২৩/২৪ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬.৬৩৮**—নির্দেশক্রমে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) কর্তৃক বাস্তবায়ানাধীন 'ঢাকা ও রংপুরস্থ আবহাওয়া রাডারের উন্নয়ন' শীর্ষক প্রকল্পে ঊর্ধ্বতন যান্ত্রিক প্রকৌশলী জনাব আহমদ আরিফ রশীদ-কে ১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত প্রকল্প মেয়াদে খন্ডকালীন 'প্রকল্প পরিচালক' হিসেবে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে নিয়োগ প্রদান করা হলো।

২। প্রকল্প পরিচালকের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য তিনি সরকারি বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ মোহাম্মদ জোবায়েদ হোসেন**
সিনিয়র সহকারী প্রধান।